

স্মারক নম্বর: ৪৭.৬৪.১০৮৮.০১৪.৩৩.০৪৯.১৯/১৬৫৮

তারিখ: ২৭ আষাঢ়, ১৪২৭ বাং
১২ জুলাই, ২০২০ খ্রিঃ

শোক বার্তা

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম (পরিচিতি নং- ৫৩৫১) গতকাল ১১ জুলাই ২০২০ খ্রিঃ তারিখ রোজ শনিবার, সকাল ০৯.৩০ ঘটিকায় করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়ে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে মৃত্যু বরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর এবং তিনি সস্ত্রীক ২ সন্তান রেখে গেছেন। তাঁর অকাল মৃত্যুতে আরডিএ, বগুড়া'র সকল স্তরের কর্মকর্তা কর্মচারীসহ আরডিএ পরিবার গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত।


২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রতিষ্ঠিত পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় মহাপরিচালক হিসেবে জনাব মোঃ আমিনুল ইসলাম গত ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে যোগদান করেন। যোগদানের স্বল্প সময়ের মধ্যে সরকারের নীতি ও নির্বাচনী ইশতেহারের আলোকে অনেকগুলো গুরুত্বপূর্ণ কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে নেতৃত্ব প্রদান করেন। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম হলো বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার “আমার গ্রাম-আমার শহর” বাস্তবায়নে নীতি নির্ধারণী গবেষণা পরিচালনা করা। তাঁর সুযোগ্য নেতৃত্বে গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন সংক্রান্ত গবেষণা ও প্রায়োগিক গবেষণা এবং জীবন-জীবিকা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচিসহ বিসিএস ক্যাডার কর্মকর্তাদের বিনিয়াদি প্রশিক্ষণ কোর্স আরডিএতে অত্যন্ত সফলতার সাথে বাস্তবায়িত হয়েছে।

৩। পেশাগত উৎকর্ষতার স্বীকৃতি স্বরূপ সম্প্রতি জনাব মোঃ আমিনুল ইসলাম পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ‘নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা’ ক্যাটাগরিতে “শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০” অর্জন করেন। পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি তিনি জনকল্যাণমূলক কর্মকাণ্ডেও সমানভাবে সক্রিয় ছিলেন। গুণী এই ব্যক্তিত্ব সামাজিক আন্দোলন স্কাউটিং কার্যক্রমের সাথে নিবিড়ভাবে যুক্ত ছিলেন এবং বিগত পাঁচ বছরেরও অধিককাল যাবত বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চলের আঞ্চলিক সম্পাদক হিসেবে দায়িত্বরত ছিলেন।

৪। জনাব মোঃ আমিনুল ইসলাম ১৯৬২ সালের ১৯ জুলাই পাবনা জেলার হেমায়েতপুরে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ৮ম বিসিএস এর মাধ্যমে প্রশাসন ক্যাডারে ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর চাকরিতে যোগদান করেন। বর্ণাঢ্য চাকরি জীবনে তিনি সহকারি কমিশনার; সহকারি কমিশনার (ভূমি), বোয়ালিয়া, রাজশাহী; উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর; অতিরিক্ত জেলা প্রশাসক, কুমিল্লা; জেলা প্রশাসক, সিরাজগঞ্জ; উপসচিব, খাদ্য মন্ত্রণালয়; পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ; অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজশাহী হিসেবে অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন।

৫। জনাব মোঃ আমিনুল ইসলাম চাকরি জীবনে একজন কর্তব্য পরায়ন, সং, দক্ষ, অমায়িক ও মানবিক গুণাবলী সম্পন্ন কর্মকর্তা হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন। পেশাগত দায়িত্ব পালনে তাঁর অনুকরণীয় কর্মনিষ্ঠা, বলিষ্ঠ নেতৃত্ব এবং আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্য আরডিএ, বগুড়ার সকল স্তরের কর্মকর্তা কর্মচারীসহ আরডিএ পরিবার তাঁকে গভীর শ্রদ্ধা ও শোকাক্ত চিন্তে স্মরণ করছে এবং ভবিষ্যতেও কৃতজ্ঞতা চিন্তে স্মরণ রাখবে।

৬। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র সকল কর্মকর্তা কর্মচারী তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছে এবং পরম করুণাময়ের নিকট তাঁর বিদেহী আত্মার মাগফেরাত ও চির শান্তি কামনা করছে। মহান আল্লাহ তাআলা তাঁকে জান্নাতুল ফেরদৌস নসীব করুন। আমিন।



মোঃ আব্দুস সামাদ
পরিচালক (উপসচিব)

ও
ভারপ্রাপ্ত মহাপরিচালক